গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ঝড় সতর্কীকরণ কেন্দ্র
আগারগাঁও, ঢাকা-১২০৭।

ফোন : ৯১২৩৮৩৮, ৯১৩৫৭৪২
ফ্যাক্স : ৯১১৯২৩০, ৫৮১৫২০১৯
ওয়েব সাইট: www.bmd.gov.bd
ই-মেইল : info@bmd.gov.bd
swc@bmd.gov.bd

বিষয়ঃ অক্টোবর ২০১৭ খ্রিঃ এর দীর্ঘ মেয়াদী পূর্বাভাস।

তারিখ: ০২.১০.২০১৭ খ্রিঃ

দীর্ঘ মেয়াদী পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত বৈঠক ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় ২ অক্টোবর ২০১৭ খ্রিঃ দুপুর ২:১৫ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে **সেপ্টেম্বর** ২০১৭ মাসে সংঘটিত আবহাওয়ার বিভিন্ন তথ্য/উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, **সেপ্টেম্বর** ২০১৭ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা ছিল নিম্নরূপঃ

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:)	বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি %	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা
ঢাকা	২৭৮	২৮৫	২.৪%	১৭	২৬
ময়মনসিংহ	৩৫২	৫২২	৪৮.৩%	১৮	২৪
চট্টগ্রাম	৩১৭	৫৪৩	৭১.২%	১৬	৩০
সিলেট	৪০৭	৫০৫	২৪.০%	২০	২৮
রাজশাহী	৩১৫	২১৮	-৩০.৮%	১৭	২৩
রংপুর	৪১৭	২৬৬	-৩৬.৪%	১৮	২৪
খুলনা	২৭৬	২০০	-২৭.৮%	১৮	২৪
বরিশাল	৩১৬	২৮৯	-৮.৪%	১৯	২২
বাংলাদেশ	৩২৫	৩৫৬	**৯.৫%**	১৭	৩০

সেপ্টেম্বর ২০১৭ মাসে সারাদেশে স্বাভাবিক বৃষ্টিপাত হয়েছে (+৯.৫%)। গত ১৭.০৯.২০১৭ খ্রি: তারিখে বাংলাদেশের উপকূলীয় এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হয়। এটি পরবর্তীতে পশ্চিম দিকে সরে গিয়ে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান নেয় এবং ২০.০৯.২০১৭ খ্রি: তারিখে মৌসুমী বায়ুর অক্ষের সাথে মিলিত হয়। সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে গত ০১, ০৯-১১ এবং ১৬-১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি: তারিখে চট্টগ্রাম, সিলেট, ঢাকা, ময়মনসিংহ ও রংপুর বিভাগে ভারী থেকে অতি ভারী বর্ষণ হয়। বৃষ্টিপাত, বৃষ্টিপাতের দিন সংখ্যা, মৌসুমী লঘুচাপ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা সেপ্টেম্বর ২০১৭ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমণ্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APEC Climate Centre (APCC) এবং অন্যান্য Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল নিনো/লা নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক কমিটি কর্তৃক অক্টোবর ২০১৭ খ্রিঃ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলোঃ

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা	মাটির আর্দ্রতা (৫০ সেঃমিঃ পর্যন্ত)%
ঢাকা	**১৫৯**	১৪৩-১৭৫	**১১**	১০-১২	৪০-৫০
ময়মনসিংহ	**১৯১**	১৭২-২১০	**১০**	০৯-১১	৪০-৫০
চট্টগ্রাম	**১৮৬**	১৬৭-২০৫	**১২**	১১-১৩	৫০-৬০
সিলেট	**১৮৭**	১৬৮-২০৫	**১২**	১১-১৩	৫৫-৬০
রাজশাহী	**১১৩**	১০২-১২৫	**১১**	১০-১২	৪০-৫০
রংপুর	**১৩৪**	১২০-১৪৭	**১০**	০৯-১১	৪০-৫০
খুলনা	**১২০**	১০৮-১৩২	**১১**	১০-১২	৪০-৫০
বরিশাল	**১৭৬**	১৫৮-১৯৪	**১২**	১১-১৩	৪৫-৫৫

১. অক্টোবর মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে।
২. এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি নিম্নচাপ সৃষ্টি হতে পারে। যার মধ্যে একটি ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।
৩. অক্টোবর মাসের প্রথমার্ধের মধ্যে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুপ্রবাহ (বর্ষা) বাংলাদেশ থেকে বিদায় নিতে পারে।
৪. **নদ-নদীর অবস্থাঃ** অক্টোবর মাসে গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনা অববাহিকায় স্বাভাবিক প্রবাহ থাকতে পারে।
৫. **কৃষি আবহাওয়াঃ** এ মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩.০-৪.০ মিঃ মিঃ এবং দৈনিক গড় সূর্য কিরণকাল ৫.৫-৬.৫ ঘন্টা থাকতে পারে।

(সামছুদ্দিন আহমেদ)
পরিচালক
চেয়ারম্যান. বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী,
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯১২৩৬১৬

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ : ৯৫৬৬৫৫৯।
৩. মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্সঃ ৯১৪৩৩৭৭।
৪. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯১৪৪৮১৯।
৫. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
৭. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ফ্যাক্সঃ ৯৫৪০৪০০, ৯৫৭৩৮০৫।
৮. সচিব, খাদ্য মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।